

গড়বেতা কলেজের প্রতিষ্ঠা দিবস উদযাপন

পত্রিকা প্রতিনিধি : গড়বেতা কলেজে ৭৪ তম প্রতিষ্ঠা দিবস পালন করা হয় শুক্রবার। কোভিড বিধি মেনে খুব সংক্ষেপে অনুষ্ঠান করা হয়। কলেজের পতাকা উত্তোলন করা ছাড়াও কলেজ প্রতিষ্ঠাতা গোবিন্দকুমার সিনহা, জমিদাতা বসন্ত কুমার সরকার সহ কয়েকজন মনীষীর মূর্তিতে মাল্যদান করা হয়। উপস্থিত ছিলেন কলেজ পরিচালন সমিতির সদস্য, শিক্ষক, শিক্ষিকার্মী ও ছাত্রছাত্রীরা। সকলকে অভিনন্দন জানান কলেজের অধ্যক্ষ হরিপ্রসাদ সরকার। তিনি জানিয়েছেন আগামী বছর কলেজের ৭৫ তম প্রতিষ্ঠা দিবস বড় করেই করা হবে।

